

## নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

মদীনার পথে রাসূল (ছাঃ) (في الطريق إلى المدينة)

২০ দিন তাবূকে অবস্থানের পর এবং স্থানীয় খ্রিষ্টান ও অন্যান্য গোত্রগুলির সাথে সন্ধিচুক্তি সম্পাদনের মাধ্যমে রোমক বাহিনীর সাথে কোনরূপ সংঘর্ষ ও রক্তক্ষয় ছাড়াই বিজয় সম্পন্ন ও সুসংহত করার পর রাসূল (ছাঃ) মদীনার পথে রওয়ানা হ'লেন।

বিনা রক্তপাতে যুদ্ধ জয়ের পর যখন রাসূলুল্লাহ (ছাঃ) ও তাঁর সাথীগণ সহাস্য বদনে মদীনায় ফিরে চললেন, তখন মুনাফিক নেতা আব্দুল্লাহ ইবনু উবাইয়ের গোপন সাথী যারা ছিল, তারা প্রমাদ গুণলো এবং রাসূল (ছাঃ)-কে পথিমধ্যেই হত্যার পরিকল্পনা করল।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5649

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন